যিক্‌র

সকাল-সন্ধ্যা ও সালাত শেষে কতিপয় যিক্‌র

যিক্‌র

কুরআন ও সুন্নাহ হতে সংকলিত
সকাল-সন্ধ্যা ও সালাত শেষে কতিপয় যিক্‌র

সহায়ক গ্রন্থ:
Private Devotions (Sa'id bin Ali bin Wahaf Al-Qahtani)
মারিফুল হাদিস (ইসলামিক ফাউন্ডেশন), হিসনুল মুসলিম, duas.com

সংগ্রহ:
জাহিদুর রহমান, আতিকুর রহমান

প্রকাশনায়:
কুরআন শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র
১/৯ জালেশ্বর, ব্লক বি, (রেডিও কলোনী) সাভার, ঢাকা। ফোন: ৭৭৪৩৬৩৫
৭৩ সিদ্ধেশ্বরী রোড, রমনা, ঢাকা। ফোন: ৯৩৪৮১৬৯, ৯৩৩৪৬০৮

প্রথম প্রকাশ:
সেপ্টেম্বর ২০১২

অলংকরণ: ভেকটোরাস। ফোন: ০১৫৫৩৩৪১০৮১
মুদ্রণ: জেনেসিস। ফোন: ৯৩৪৮১৬৯, 01555 333 777

সকাল-সন্ধ্যার কতিপয় যিক্‌র

রাসুলুল্লাহ সা. বলেছেন: যে ব্যক্তি ঘুম হতে জেগে উঠে নিম্নের দু'আগুলো পাঠ করে, তারপর দু'আ করে: 'হে আল্লাহ আমাকে ক্ষমা করো।' তাকে তখন ক্ষমা করা হয়।

لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ○ سُبْحَانَ اللّٰهِ وَالْحَمْدُ لِلّٰهِ وَ لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ وَاللّٰهُ أَكْبَرُ ○ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللّٰهِ الْعَلِيِّ الْعَظِيْمِ ○ رَبِّ اغْفِرْلِيْ

লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু লা-শারীকা লাহু, লাহুল মুলকু ওয়া লাহুল হামদু ওয়া হুয়া আলা কুল্লি শায়ইন ক্বাদীর। সুবহানাল্লাহি ওয়াল হামদুলিল্লাহি ওয়া লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার। ওয়া লা হাওলা ওয়া লা কুওয়াতা ইল্লা বিল্লাহিল 'আলিয়্যিল 'আযিম। রাব্বিগ ফির লী।

আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই, তাঁরই রাজত্ব, তাঁরই প্রশংসা, তিনি প্রত্যেক বিষয়ের উপর পরিপূর্ণ শক্তিমান। পবিত্রতাসমূহ এবং সমস্ত প্রশংসা আল্লাহর এবং আল্লাহ ছাড়া কোন ইলাহ নাই এবং আল্লাহ সর্বশ্রেষ্ঠ। সর্বশ্রেষ্ঠ ও অতিশয় মহান আল্লাহ ছাড়া রক্ষাকারী ও শক্তি ক্ষমতার অধিকারী আর কেউ নাই। আমাকে ক্ষমা করুন।

আয়াতুল কুরসী - ১ বার। সুরা ইখলাস, সুরা ফালাক, সুরা নাস - ৩ বার করে।

اللّٰهُمَّ بِكَ أَصْبَحْنَا وَبِكَ أَمْسَيْنَا، وَبِكَ نَحْيَا وَبِكَ نَمُوْتُ وَإِلَيْكَ النُّشُوْر

আল্লাহুম্মা বিকা আসবাহনা ওয়া বিকা আমসাইনা, ওয়া বিকা নাহইয়া ওয়া বিকা নামুতু ওয়া ইলাইকান নুশুর।

হে আল্লাহ! তোমারই হুকুমে আমাদের সকাল হয় তোমারই হুকুমে আমাদের সন্ধ্যা হয়, তোমারই ফয়সালা মতে আমাদের জীবন ধারণ, তোমারই হুকুমে নির্ধারিত সময়ে আমাদের মৃত্যুবরণ, তারপর তোমারই সমীপে আমাদের প্রত্যাবর্তন।

اَللّٰهُمَّ اَنْتَ رَبِّيْ لَا اِلٰهَ اِلَّا اَنْتَ خَلَقْتَنِيْ وَ اَنَا عَبْدُكَ وَ اَنَا عَلٰى عَهْدِكَ وَوَعْدِكَ مَااسْتَطَعْتُ اَعُوْذُبِكَ مِنْ شَرِّ مَا صَنَعْتُ اَبُوْءُ لَكَ بِنِعْمَتِكَ عَلَيَّ وَ اَبُوْءُ بِذَنْبِيْ فَاغْفِرْ لِيْ فَاِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوْبَ اِلَّا اَنْتَ

আল্লাহুম্মা আন্‌তা রাব্বি লা ইলাহা ইল্লা আন্‌তা খালাক্বতানি ওয়া আনা 'আবদুকা ওয়া আনা 'আলা 'আহদিকা ওয়া ওয়া'অদিকা মাস্‌তাতা'অতু আ'উযুবিকা মিন শার্‌রি মা ছনা'অতু আবুউ লাকা বিনি'অমাতিকা 'আলাইয়্যা ওয়া আবুউ বিজামবি ফাগ্‌ফির লি ফা ইন্নাহু লা ইয়াগফিরুয যুনুবা ইল্লা আন্‌তা।

হে আল্লাহ! তুমিই আমার মালিক-প্রতিপালক, তুমি ব্যতীত কোন উপাস্য নেই। তুমি আমাকে সৃষ্টি করেছো এবং আমি তোমার বান্দা এবং আমি আমার সাধ্যমত তোমার সাথে কৃত ঈমানী ওয়াদার উপর কায়েম থাকবো। আমি তোমার নিকট আশ্রয় প্রার্থনা করছি আমার কৃতকর্মের

অনিষ্ট থেকে। আমি আমাকে প্রদত্ত তোমার নিয়ামত রাশির কথা স্বীকার করি এবং নিজের গুনাহরাশিও স্বীকার করি। সুতরাং তুমি আমাকে মার্জনা করে দাও। কেননা, তুমি ব্যতীত গুনাহ মার্জনা করার মত আর কেউই নেই।

اللّٰهُمَّ مَا أَصْبَحَ بِيْ مِنْ نِعْمَةٍ أَوْ بِأَحَدٍ مِنْ خَلْقِكَ فَمِنْكَ وَحْدَكَ لَا شَرِيْكَ لَكَ فَلَكَ الْحَمْدُ وَلَكَ الشُّكْرُ

আল্লাহুম্মা মা আসবাহা বী মিন নি'মাতিন আও বিআহাদিন মিন খালকিকা ফামিনকা ওয়াহ্দাকা লা শারীকা লাকা ফালাকাল হামদু ওয়ালাকাশ শুক্‌র্।

হে আল্লাহ! আমি যে নেয়ামতসহ সকালে উপনীত হয়েছি অথবা তোমার সৃষ্টির মাঝে অন্য কেউ, এসব নেয়ামত তোমার নিকট থেকে। তুমি এক, তোমার কোনো শরীক নেই, সকল প্রশংসা তোমার। আর কৃতজ্ঞতা তোমার প্রাপ্য।

اللّٰهُمَّ عَافِنِيْ فِيْ بَدَنِيْ، اَللّٰهُمَّ عَافِنِيْ فِيْ سَمْعِيْ، اَللّٰهُمَّ عَافِنِيْ فِيْ بَصَرِيْ، لَا إِلٰهَ إِلَّا أَنْتَ اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنَ الْكُفْرِ، وَالْفَقْرِ، وَأَعُوْذُ بِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ، لَا إِلٰهَ إِلَّا أَنْتَ

আল্লাহুম্মা 'আফিনী ফী বাদানী আল্লাহুম্মা 'আফিনী ফী সাম'ঈ আল্লাহুম্মা 'আফিনী ফী বাসারী। লা ইলাহা ইল্লা আনতা।

আল্লাহুম্মা ইন্নি আ'উযুবিকা মিনাল কুফরি ওয়াল ফাকরি ওয়া আ'উযুবিকা মিন আযাবিল কাবরি। লা ইলাহা ইল্লা আনতা।

হে আল্লাহ! আমার শরীর সুস্থ রাখো। হে আল্লাহ! আমার শ্রবণশক্তি সুস্থ রাখো। হে আল্লাহ! আমার দৃষ্টিশক্তি সুস্থ রাখো। তুমি ছাড়া কোনো ইলাহ নেই।

হে আল্লাহ! আমি তোমার আশ্রয় চাই কুফরী ও দারিদ্র্য থেকে। আমি তোমার আশ্রয় চাই কবরের আযাব থেকে। তুমি ছাড়া আর কোনো ইলাহ নেই। (সকাল সন্ধ্যায় ৩ বার)

اللّٰهُمَّ عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ ، فَاطِرَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ، رَبَّ كُلِّ شَيْءٍ وَمَلِيْكَهُ ، أَشْهَدُ أَنْ لَا إِلٰهَ إِلَّا أَنْتَ ، أَعُوْذُ بِكَ مِنْ شَرِّ نَفْسِيْ وَمِنْ شَرِّ الشَّيْطَانِ وَشِرْكِهِ.

আল্লাহুম্মা 'আলিমিল গাইবি ওয়াশ শাহাদাহ। ফাতিরিস সামাওয়াতি ওয়াল আরদ্। রাব্বি কুল্লি শাইয়িন ওয়া মালিকাহ। আশহাদু আল্-লা-ইলাহা ইল্লা আনতা। আ'উযুবিকা মিন শাররি নাফসি ওয়া মিন শাররিশ শাইতানি ওয়া শিরকিহ।

হে আল্লাহ! আকাশমণ্ডলী ও পৃথিবীর স্রষ্টা, প্রকাশ্য ও গোপন বিষয়সমূহের জ্ঞানের অধিকারী, প্রতিটি বস্তুর প্রতিপালক ও স্বত্ত্বাধিকারী, আমি সাক্ষ্য দিচ্ছি, তুমি ছাড়া আর কোন ইলাহ নেই। আমি তোমার কাছে আশ্রয় প্রার্থনা করছি আমার নফসের অনিষ্টকারিতা থেকে এবং শয়তানের অনিষ্টকারিতা ও তার শিরক করানো থেকে।

حَسْبِيَ اللهُ لَا اِلٰهَ اِلَّا هُوَ عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ

হাস্‌বিইয়াল্লাহু লা ইলাহা ইল্লা হুয়া 'আলাইহি তাওয়াক্কালতু ওয়া হুয়া রাব্বুল 'আরশিল 'আযীম।

আল্লাহই আমার জন্য যথেষ্ট তিনি ছাড়া ইবাদতের যোগ্য কোনো ইলাহ নেই, আমি তাঁর উপরই নির্ভর করি, তিনি মহান আরশের প্রতিপালক।

بِسْمِ اللهِ الَّذِيْ لَا يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَآءِ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ

বিসমিল্লাহিল্লাযী লা ইয়াদুররু মা'আসমিহী শাইউন ফিল্ আরদি ওয়া লা ফিস্ সামায়ী, ওয়াহুয়াস্ সামী'উল 'আলীম।

আমি সেই আল্লাহর নামে আরম্ভ করছি, যার নামে শুরু করলে আকাশ ও পৃথিবীর কোনো বস্তুই কোনোরূপ অনিষ্ট সাধন করতে পারে না। বস্তুত তিনি হচ্ছেন সর্বশ্রোতা, সর্বজ্ঞাতা। (৩ বার)

رَضِيْتُ بِاللهِ رَبًّا وَبِالْاِسْلَامِ دِيْنًا وَبِمُحَمَّدٍ نَبِيًّا

রাদীতু বিল্লাহি রাব্বান, ওয়া বিল ইসলামি দ্বীনান, ওয়াবি মুহাম্মাদিন নাবিয়্যান।

আমি আল্লাহকে প্রভু হিসেবে ইসলামকে দ্বীন হিসেবে এবং মুহাম্মদ সা. কে নবীরূপে লাভ করে পরিতুষ্ট।

يَا حَيُّ يَا قَيُّوْمُ بِرَحْمَتِكَ أَسْتَغِيْثُ، أَصْلِحْ لِيْ شَأْنِيْ كُلَّهُ، وَلَا تَكِلْنِيْ إِلَى نَفْسِيْ طَرْفَةَ عَيْنٍ

ইয়া হাইয়্যু, ইয়া ক্বাইয়্যুমু, বিরাহমাতিকা আসতাগীসু আসলিহলী শা'নী কুল্লাহু, ওয়া লা তাকিলনী ইলা নাফসী ত্বারফাতা 'আইনিন।

হে চিরঞ্জীব, হে চিরস্থায়ী, তোমার রহমতের জন্য আমি তোমার দরবারে জানাই আমার সকাতর নিবেদন। তুমি আমার অবস্থা সংশোধন করে দাও, তুমি চোখের পলক পরিমাণ সময়ের (এক মুহূর্তের) জন্যও আমাকে আমার নিজের উপর ছেড়ে দিও না।

سُبْحَانَ اللهِ وَبِحَمْدِهِ

সুবহানাল্লাহি ওয়া বিহাম্‌দিহী।

আমি আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি তাঁর প্রশংসা সহকারে। (১০০ বার)

اَللّٰهُمَّ اَجِرْنِيْ مِنَ النَّارِ

আল্লাহুম্মা আজিরনী মিনান্নার।

হে আল্লাহ! আমাকে দোযখ থেকে রক্ষা কর। (৭ বার)

سُبْحَانَ اللهِ وَبِحَمْدِهِ عَدَدَ خَلْقِهِ، وَرِضَا نَفْسِهِ، وَزِنَةَ عَرْشِهِ، وَمِدَادَ كَلِمَاتِهِ

সুবাহানাল্লাহি ওয়া বিহাম্‌দিহী 'আদাদা খাল্‌ক্বিহী ওয়া রিদা নাফ্‌সিহী ওয়া যিনাতা 'আর্‌শিহী ওয়া মিদাদা কালিমাতিহী।

আমি আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি তাঁর প্রশংসার সাথে তাঁর সৃষ্ট বস্তুসমূহের সংখ্যার সমান, তাঁর নিজের সন্তোষের সমান, তাঁর আরশের ওজনের সমান ও তাঁর বাণীসমূহ লিখার কালি পরিমাণ অসংখ্যবার। (৩ বার)

اللّٰهُمَّ إِنِّي أَسْأَلُكَ عِلْمًا نَافِعًا وَرِزْقًا طَيِّبًا ، وَعَمَلاً مُتَقَبَّلاً

আল্লাহুম্মা ইন্নী আসআলুকা ইল্‌মান নাফিয়ান ওয়া রিয্‌কান ত্বায়্যিবান, ওয়া 'আমালান মুতাক্বাব্বালান।

হে আল্লাহ! আমি তোমার নিকট উপকারী বিদ্যা, পবিত্র জীবিকা এবং গ্রহণযোগ্য আমল প্রার্থনা করি।

أَسْتَغْفِرُ اللهَ وَأَتُوْبُ إِلَيْهِ

আসতাগফিরুল্লাহ ওয়া আতুবু ইলাইহি।

আল্লাহর নিকট আমি ক্ষমা চাই এবং তাঁর দিকেই আমি প্রত্যাবর্তন (তওবা) করি। (১০০ বার)

أَسْتَغْفِرُ اللهَ الَّذِيْ لَا إِلٰهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّوْمُ وَأَتُوْبُ إِلَيْهِ

আসতাগফিরুল্লাহাল্লাযি লা ইলাহা ইল্লা হুয়াল হাইয়্যুল কাইয়্যুমু ওয়া আতুবু ইলাইহি।

আল্লাহর নিকট আমি ক্ষমা চাই যিনি ছাড়া কোন ইলাহ নেই, তিনি চিরঞ্জীব ও চিরস্থায়ী এবং তাঁর দিকেই আমি প্রত্যাবর্তন (তওবা) করি।

أَعُوْذُ بِكَلِمَاتِ اللهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ

আ'উযু বিকালিমাতিল্লাহিত্ তাম্মাতি মিন শাররি মা খালাক।

আল্লাহর পূর্ণ গুণাবলীর বাক্য দ্বারা তাঁর নিকট আমি অনিষ্টকর সৃষ্টির অপকার থেকে আশ্রয় চাচ্ছি। (৩ বার)

أَعُوْذُ بِاللهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

আ'উযুবিল্লাহিস সামি'ইল 'আলিমিম মিনাশ শাইতানির রাজিম।

আমি সর্বদ্রষ্টা সর্বজ্ঞানী আল্লাহর নিকট বিতারিত শয়তান থেকে আশ্রয় প্রার্থনা করছি। (৩ বার)

সুরা হাশরের هُوَ اللهُ الَّذِىْ لَا اِلٰهَ اِلَّا هُوْ.....وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمِ শেষ তিন আয়াত। (১বার)

اَللّٰهُمَّ صَلِّ وَ سَلِّمْ عَلَى نَبِيِّنَا مُحَمَّدٍ

আল্লাহুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা নাবিয়্যিনা মুহাম্মাদ।

হে আল্লাহ আমাদের নবী মুহাম্মাদ সা. এর উপর অনুগ্রহ ও শান্তি বর্ষন করুন। (১০ বার)

সালাত (নামায) শেষে কতিপয় যিক্‌র

اَللّٰهُ أَكْبَرُ (আল্লাহু আকবার) আল্লাহ সর্বশ্রেষ্ঠ - ১ বার

أَسْتَغْفِرُ اللّٰه (আসতাগফিরুল্লাহ) আল্লাহর নিকট আমি ক্ষমা চাই- ৩ বার

اَللّٰهُمَّ أَنْتَ السَّلَامُ ، وَمِنْكَ السَّلَامُ ، تَبَارَكْتَ يَا ذِا الْجَلَالِ وَالْإِكْرَامِ

আল্লাহুম্মা আনতাস সালাম, ওয়া মিনকাস সালাম, তাবারাকতা ইয়া যিল জালালি ওয়াল ইকরাম। হে আল্লাহ, আপনি শান্তিময় আর আপনার কাছেই শান্তিসমূহ, পবিত্রতা আপনারই, হে মহাসম্মানিত এবং সর্বোচ্চ সম্মানী! - ১ বার

سُبْحَانَ اللّٰهِ (সুবহানাল্লাহ) আল্লাহ পবিত্র - ৩৩ বার, কমপক্ষে ১০ বার।

اَلْحَمْدُ لِلّٰهِ (আলহামদুলিল্লাহ) প্রশংসা আল্লাহর- ৩৩ বার, কমপক্ষে ১০ বার।

اَللّٰهُ أَكْبَرُ (আল্লাহু আকবার) আল্লাহ সর্বশ্রেষ্ঠ - ৩৪ বার, কমপক্ষে ১০ বার।

لَا إِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ، وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ، اَللّٰهُمَّ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ، وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ، وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ

লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা শারীকা লাহু লাহুল মুলকু ওয়া লাহুল হামদু ওয়া হুয়া 'আলা কুল্লি শাই'ইন ক্বাদীর।

আল্লাহুম্মা লা মানি'আ লিমা আ'অত্বাইতু ওয়া লা মু'অত্বিয়া লিমা মানা'অতু, ওয়া লা ইয়ানফা'উযাল জাদ্দি মিনকাল জাদ্দু।

আল্লাহ ছাড়া ইবাদতের যোগ্য কোন ইলাহ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই, রাজত্ব তাঁরই এবং প্রশংসা মাত্রই তাঁর, তিনি সকল কিছুর উপর ক্ষমতাবান।

হে আল্লাহ তুমি যা প্রদান কর তা বাধা দেয়ার কেউই নেই, আর তুমি যা দেবে না তা দেয়ার মত কেউই নেই। তোমার গযব হতে কোন বিত্তশালী বা পদমর্যাদার অধিকারীকে তার ধন সম্পদ বা পদমর্যাদা রক্ষা করতে পারে না।

اَللّٰهُمَّ اَعِنِّيْ عَلٰى ذِكْرِكَ وَ شُكْرِكَ وَ حُسْنِ عِبَدَتِكَ

আল্লাহুম্মা আ'ইন্নি 'আলা যিকরিকা ওয়া শুকরিকা ওয়া হুসনি 'ইবাদাতিক।

হে আল্লাহ! আমাকে তোমার যিকর তোমার শোকর গোযারী ও তোমার ইবাদত উত্তমরূপে করার তাওফীক দান কর।

اَللّٰهُمَّ اِنِّيْ اَعُوْذُبِكَ مِنَ الْكُفْرِ وَالْفَقْرِ وَعَذَابِ الْقَبْرِ

আল্লাহুম্মা ইন্নি আ'উযুবিকা মিনাল কুফরি, ওয়াল ফাক্বরি, ওয়া 'আযাবিল ক্বাবরি।

হে আল্লাহ! আমি তোমার আশ্রয় প্রার্থনা করছি কুফর থেকে, দারিদ্র্য থেকে এবং কবরের আযাব থেকে।

رَبِّ قِنِيْ عَذَابَكَ يَوْمَ تَبْعَثُ [تَجْمَعُ] عِبَادَكَ

রাব্বি ক্বিনী 'আযাবাকা ইয়াওমা তাব'আছু [তুজমা'উ] 'ইবাদাক।

হে আল্লাহ আমাকে রক্ষা করুন আপনার শাস্তি থেকে যেদিন আপনি পুনরুত্থিত করবেন আপনার বান্দাগণকে।

اَللّٰهُمَّ اَصْلِحْ لِيْ دِيْنِيْ وَوَسِّعْ لِيْ فِيْ دَارِيْ وَ بَارِكْ لِيْ فِيْ رِزْقِيْ

আল্লাহুম্মা আসলিহ লী দ্বীনী, ওয়া ওয়াসসি'য় লী ফী দারী ওয়অ বারিক লী ফী রিযকী।

হে আল্লাহ, আপনি আমার ধর্মজীবনকে সর্বাঙ্গীন সুন্দর করে দিন, আমার বাড়িকে প্রশস্ত করে দিন এবং আমার রিযিকে বরকত দান করুন।

اَللّٰهُمَّ اجْعَلْ خَيْرَ عُمْرِيْ اٰخِرَهُ وَ خَيْرَ عَمَلِيْ خَوَاتِمَهُ وَ خَيْرَ اَيَّامِيْ يَوْمَ اَلْقَاكَ

আল্লাহুম্মাজ 'আল খাইরা 'উমরি আখিরাহু ওয়া খাইরা 'আমালি খাওয়াতিমাহু ওয়া খাইরা আইয়্যামি ইয়াওমা আলক্বাকা।

হে আল্লাহ, আপনি আমার শেষ জীবনকে আমার জীবনের সর্বোত্তম অংশ, আমার শেষ কর্মগুলিকে জীবনের সর্বোত্তম কর্ম এবং যে দিন আমি আপনার সাক্ষাত করব সেই দিনটিকে আমার জীবনের শ্রেষ্ঠ দিন করে দিন।

اَللّٰهُمَّ اغْفِرْ لِيْ مَا قَدَّمْتُ وَ مَا اَخَّرْتُ وَ مَا اَسْرَرْتُ وَ مَا اَعْلَنْتُ وَ مَا اَسْرَفْتُ وَ مَا اَنْتَ اَعْلَمُ بِهِ مِنِّيْ اَنْتَ الْمُقَدِّمُ وَ اَنْتَ الْمُؤَخِّرُ لَا اِلٰهَ اِلَّا اَنْتَ

আল্লাহুম্মাগফিরলি মা ক্বাদ্দামতু ওয়া মা আখ্খারতু ওয়া মা আস্‌রারতু ওয়া মা আ'অ্‌লানতু ওয়া মা আস্‌রাফতু ওয়া মা আন্‌তা আ'অ্‌লামু বিহী মিন্নী আন্‌তাল মুক্বাদ্দিমু ওয়া আন্‌তাল মুআখখিরু লা ইলাহা ইল্লা আন্‌তা।

হে আল্লাহ! আমার সকল গুনাহ মাফ করে দাও যা আমি পূর্বে করেছি, যা পরে করেছি, যা গোপনে করেছি যা প্রকাশ্যে করেছি, যেটুকু আমি বাড়াবাড়ি করেছি আর যে সম্পর্কে তুমিই আমার চাইতে বেশি জ্ঞাত। তুমিই অগ্রসরকারী, তুমিই পশ্চাৎগামীকারী, তুমি ছাড়া আর কোন উপাস্য নেই।

سُبْحٰنَ رَبِّكَ رَبِّ الْعِزَّةِ عَمَّا يَصِفُوْنَ ○ وَسَلٰمٌ عَلَى الْمُرْسَلِيْنَ ○ وَالْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ

সুবহানা রাব্বিকা রাব্বিল ইঝঝাতি আম্মা ইয়াসিফূন। ওয়া সালামুন আলাল মুরসালীন। ওয়ালহামদু লিল্লাহি রাব্বিল আলামীন।

তারা যা বলে আপনার সম্মানিত প্রভু (তা থেকে) পবিত্র। এবং শান্তি বর্ষিত হোক রাসূলগণের উপরে। এবং সকল প্রশংসা বিশ্ব জাহানের প্রতিপালক আল্লাহর জন্য।